



২৭ ফেব্রুয়ারী ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

**নারীর প্রতি নিপীড়ন বন্ধের ও নারীর অধিকার প্রতিষ্ঠার সচেতনতামূলক ক্যাম্পেইন হিসেবে বস্তিবাসী
দম্পতিদের অংশগ্রহণে সখি প্রকল্পের তেজগাঁও এলাকায় দম্পতি মেলা অনুষ্ঠিত**

আজ ২৭ ফেব্রুয়ারী ২০১৭ ইং তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর উদ্যোগে রোজ সোমবার সকাল ১০.০০ থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত তেজগাঁওস্থ ১৪ নং বটতলা এলাকায় বস্তিবাসী নারী ও পুরুষদের অংশগ্রহণে দম্পতি মেলা অনুষ্ঠিত হয়েছে। এ্যাঞ্জেসি অব দ্যা কিংডম অব দ্যা নেদারল্যান্ড এর আর্থিক সহায়তায় পরিচালিত সখি প্রকল্পের চেঞ্জমেকারদের মাধ্যমেই মূলত মেলার কার্যক্রম পরিচালিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শফিউল্লাহ। মেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেজগাঁও শিল্পাঞ্চল থানার কর্মকর্তা জনাব রেজাউল ইসলাম, মহাখালী সখি প্রকল্প সিসি কমিটির সভাপতি এস এস মাহমুদুল হাসান, সখি প্রকল্পের ব্যবস্থাপক জনাব আবদুল মালেক এবং সখি প্রকল্পের মহাখালী এলাকার সমন্বয়কারী জনাব আবদুর রহমান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্লাস্টের সখি প্রকল্পের মহাখালী এলাকার সমন্বয়কারী জনাব আবদুর রহমান খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সখি প্রকল্পের মহাখালী এলাকার সমন্বয়কারী জনাব আবদুর রহমান খান এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্লাস্ট এর লিগ্যাল ফ্যাসিলিটিটর রাহিমা খাতুন।

মূলত নারী অধিকার, পারিবারিক সহিংসতা দূরীকরণ, সুখী ও সমৃদ্ধশালী পরিবার গঠনের, পরিবারে নারী-পুরুষের সমান অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে বস্তিবাসী দম্পতিদের নিয়ে সখি প্রকল্প কর্তৃক এই মেলার আয়োজন করা হয়। বিভিন্ন গবেষণায় দেখা যায়, ঢাকা সহ দেশের বিভিন্ন মহানগরীর বস্তিসমূহে সবচেয়ে অবহেলিত ও বঞ্চিত জনগোষ্ঠী বসবাস করছে। বস্তিবাসী এ সকল জনগোষ্ঠী একদিকে যেমন চরম দরিদ্রতার শিকার, অন্যদিকে তারা বেঁচে থাকার ন্যূনতম অধিকার থেকেও বঞ্চিত। বস্তিবাসী পুরুষের তুলনায় নারীরা আরোও নাজুক অবস্থানে রয়েছে। বস্তিবাসী নারীরা অর্থনৈতিক ও স্বাস্থ্যগত অধিকার থেকে বঞ্চিত হবার পাশাপাশি নিজ সম্প্রদায় এবং পরিবারেও প্রতিনিয়ত বৈষম্যের শিকার হচ্ছে। বর্তমানে বাংলাদেশে সমাজ ও পরিবারে নারী অধিকার সুরক্ষায় বেশ কিছু আইন ও নীতিমালা থাকা সত্ত্বেও নারীর প্রতি সহিংসতা অব্যাহত রয়েছে। লিঙ্গীয় বৈষম্য, পুরুষতান্ত্রিক মনোভাব এবং নারীর প্রতি নেতিবাচক মনোভাব প্রভৃতি কারণে নারী তার যথাযথ মর্যাদা ও অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। নারীর প্রতি সকল প্রকার বঞ্চনা ও বৈষম্যের বিরুদ্ধে সখি প্রকল্পের উদ্যোগে বিভিন্ন সময় এই মেলার আয়োজন করা হয়। উল্লেখ্য যে, উক্ত মেলা অনুষ্ঠানে সখি প্রকল্পের মহাখালী এলাকার ৬টি বস্তি এলাকায় বসবাসকারী চেঞ্জমেকারদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতামূলক খেলার আয়োজন করা হয় হয়। সমাপনি পর্বে বিভিন্ন খেলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

বার্তা প্রেরক:

আবদুর রহমান খান

এরিয়া কোঅর্ডিনেটর, মহাখালী

সখি প্রকল্প

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

মোবাইল: ০১৭১৫১০৬৩০৯